# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুক্তাদী ও একাকী সালাত আদায়কারী ব্যক্তির জন্য সালাতে সূরা ফাতিহা পাঠ করা ফরয হওয়া মর্মে বর্ণনা

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْفَرْضَ عَلَى الْمَأْمُومِ وَالْمُنْفَرِدِ قِرَاءَةُ فَاتِحَةِ الْكِتَابِ فِي صَلَاتِهِ

আরবী

1780 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا قَامَ أَحَدُكُمْ إِلَى الصَّلَاةِ فَلَا يَبْصُقْ أَمَامَهُ لِأَنَّهُ يُنَاجِي رَبَّهُ مَا دَامَ فِي صَلَاتِهِ وَلَا عَنْ يَمِينِهِ فَإِنَّ عَنْ يَمِينِهِ مَلَكًا وَلَكِنْ لِيَبْصُقْ عَنْ شِمَالِهِ أو تحت رجله فيدفنه)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1780 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1062 و 1223).
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي هَذَا الْخَبَرِ بَيَانٌ وَاضِحٌ بِأَنَّ عَلَى الْمَأْمُومِ قِرَاءَةُ فَاتِحَةِ الْكِتَابِ فِي صَلَاتِهِ إِذِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبَرَ أَنَّ الْمُصَلِّيَ يُنَاجِي رَبَّهُ وَالْمُنَاجَاةُ لَا تَكُونُ إِلَّا بِنُطْقِ الْخِطَّابِ دُونَ التَّسْبِيحِ وَالتَّكْبِيرِ وَالسُّكُوتِ.

বাংলা

১৭৮০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ সালাতে দন্ডায়মান হবে, তখন সে যেন তার সামনে থুথু না ফেলে। কেননা যতক্ষন সে সালাতে থাকে, ততক্ষন সে তার প্রভুর সাথে গোপন আলাপে নিয়োজিত থাকে এবং ডান দিকেও থুথু ফেলবে না, কেননা তার ডান দিকে ফেরেস্তা থাকেন। বরং সে যেন বাম দিকে থুথু ফেলে অথবা তার বাম পায়ে নিচে রেখে তা তার মাটিতে পুতে দিবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে এটা স্পষ্ট  বর্ণনা রয়েছে যে, মুক্তাদীদের জন্য

সালাতে সূরা ফাতিহা পাঠ করা আবশ্যক। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানিয়েছেন যে, মুসল্লী ব্যক্তি তার প্রভুর সাথে গোপন আলাপে লিপ্ত হয়। আর গোপন আলাপ তাসবীহ, তাকবীর ছাড়াও চুপ না থেকে জবান ব্যবহার করে হয়ে থাকে।”

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৮৬; মুসনাদ আহমাদ: ২/৩১৮; সহীহ আল বুখারী: ৪১৬; সুনান বাইহাকী: ২/২৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৯০; সহীহ মুসলিম: ৫৫০; আবূ আওয়ানা: ১/৪০৩; সুনান বাইহাকী: ২/২৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১০৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90996

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন